# 2022

## BENGALI

## ( Honours Elective )

Paper : BEN–HE–5016

( শিশু ও কিশোর সাহিত্য )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) "শুনতে পেলুম _____ গিয়ে–
তোমার নাকি মেয়ের বিয়ে ?"

শূন্যস্থানের সঠিক শব্দটি হল

*(i)* হাওড়া

*(ii)* পোস্তা

*(iii)* দীঘা

*(iv)* পুরী

(খ) 'গোঁফচুরি' কবিতাটির কবি কে?

(i) রবীন্দ্রনাথ ঠাকুর

(ii) নবীনচন্দ্র সেন

(iii) সুকুমার রায়

(iv) কামিনী রায়

(গ) শ্যাম লাহিড়ীর বাসস্থান কোথায় ছিল?

(i) হুগলী

(ii) বালি

(iii) কোন্নগর

(iv) বনগ্রাম

(ঘ) 'আবোল তাবোল' গ্রন্থে উক্ত সাপুড়ের নাম কী?

(i) বাবুরাম

(ii) শ্যামদাস

(iii) চণ্ডীদাস

(iv) প্যালারাম

(ঙ) 'ক্ষীরের পুতুল'-এর রচয়িতা কে?

(i) বুদ্ধদেব বসু

(ii) অবনীন্দ্রনাথ ঠাকুর

(iii) রবীন্দ্রনাথ ঠাকুর

(iv) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর





(চ) 'ক্ষীরের পুতুল'-এ বড়রাণী বানরটিকে কীসের উপর খাওয়াতে বসিয়েছিলেন?

(i) আসন

(ii) পিঁড়ে

(iii) কেদারা

(iv) বিছানা

(ছ) বড়রাণী কী দিয়ে বাঁদরের ছানাটিকে মানুষ করছিলেন?

(i) দুধ-কলা

(ii) কলা

(iii) রুটি

(iv) ডাল-ভাত

(জ) পাঁচুমামার হাতটি কীসের মতো ছিল?

(i) লোহা

(ii) প্যাঁকাটি

(iii) গদা

(iv) তুলা

(ঝ) পদিপিসির সঙ্গী রমাকান্তের কাছ থেকে ডাকাত কত টাকা ছিনিয়ে নিয়েছিল?

(i) দুই আনা

(ii) সাড়ে তিন টাকা

(iii) পাঁচ আনা

(iv) সাড়ে সাত আনা

(ঞ) পদিপিসি কী দিয়ে চচ্চড়ি রেঁধে বড়লাট সাহেবকে থ করে দিয়েছিলেন?

(i) মাংস

(ii) মাছ

(iii) পাতা

(iv) ঘাস

(ট) গঙ্গারাম কতবার ম্যাট্রিক পরীক্ষা দিয়েছিল?

(i) একবার

(ii) তিনবার

(iii) উনিশবার

(iv) একুশবার

(ঠ) গঙ্গারাম কার বংশধর ছিল?

(i) দুখীরামের

(ii) রামরামের

(iii) ধর্মরাজের

(iv) কংসরাজের

(ড) রাজচক্রবর্তী ছেলে হওয়ার সংবাদ পেয়ে রাজা বানরকে কী দিয়েছিলেন?

(i) হীরের হার

(ii) হীরের আংটি

(iii) সোনার বালা

(iv) দশটি মোহর





(ঢ) বিষের নাড়ু খেয়ে অজ্ঞান হওয়ার কতদিন পরে বড়রাণীর জ্ঞান ফিরেছিল?

(i) একদিন

(ii) তিনদিন

(iii) চারদিন

(iv) সাতদিন

(ণ) বানর বড়রাণীর জন্য কোথায় ওষুধের সন্ধানে ছুটে গিয়েছিল?

(i) হাসপাতালে

(ii) রাজার কাছে

(iii) হাটে

(iv) বনে

(ত) গোরু দেখলে পাঁচুমামার ভাগ্নের কী অবস্থা হত?

(i) জ্বর আসত

(ii) মাথা ধরে যেত

(iii) হাঁটু বেঁকে যেত

(iv) আনন্দ হত

(থ) নিমাইখুড়ো কোথায় থাকতেন?

(i) উনিশ বিঘার কলাবাগানে

(ii) বিশ বিঘার আমলকী বনে

(iii) বাইশ বিঘার আমবাগানে

(iv) বত্রিশ বিঘার শালবনে

(দ) পদিপিসি যখন নিমাইখুড়োর বাড়ি যাচ্ছিলেন তখন তাঁর গায়ে কী ছিল?

(i) চাদর

(ii) বালাপোশ

(iii) কম্বল

(iv) সোয়েটার

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) 'খিচুড়ি' ছড়ায় বর্ণিত জিরাফের সাধ কী ছিল, লেখো।

(খ) 'গোঁফচুরি' ছড়াটিতে বড়বাবু কী কারণে রেগে উঠেছিলেন এবং সবাইকে কী বলে শাসিয়েছিলেন?

(গ) গঙ্গারাম কোন্ দুটি রোগে ভুগত?

(ঘ) গঙ্গারামের কনিষ্ঠ ভাইটি কী কাজ করত এবং কত টাকা রোজগার করত?

(ঙ) 'ক্ষীরের পুতুল' কাহিনিতে রাজা দুই রাণীর কাছ থেকে বিদায় নিয়ে কোন্ দেশে পাড়ি দিয়েছিলেন? সেখানে পৌঁছোতে তাঁর কতদিন লেগেছিল?

(চ) 'ক্ষীরের পুতুল' গ্রন্থের কাহিনিতে রাজার বড়রাণীর নাম কী ছিল? তাঁর দাসীর সংখ্যা কত, লেখো।

(ছ) 'ক্ষীরের পুতুল' কাহিনিতে রাজার বিদেশ যাত্রার প্রাক্কালে সুয়োরাণী রাজার কাছে যে জিনিসগুলির জন্যে আবদার করেছিল তার মধ্য থেকে দুটি জিনিসের নাম লেখো।

(জ) পদিপিসির বর্মীবাক্স হারানোর কত বছর হয়েছিল? কে এই বর্মীবাক্স খুঁজে বের করার দায়িত্ব নিয়েছিল?

(ঝ) ট্রেনে পাঁচুমামাকে তার ভাগ্নে যা যা খাবার খাইয়েছিল তার মধ্য থেকে যে কোনো দুটি খাবারের নাম লেখো।

(ঞ) পদিপিসি নিমাইখুড়োর সিন্দুক থেকে কোন্ দুটি জিনিস নিয়ে এসেছিলেন?





৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"রেগে আগুন তেলে বেগুন, তেড়ে বলেন তিনি,
'কারো কথার ধার ধারিনে, সব ব্যাটাকেই চিনি।
নোংরা ছাঁটা খ্যাংরা ঝাঁটা বিচ্ছিরি আর ময়লা,
এমন গোঁফ তো রাখত জানি শ্যামবাবুদের গয়লা'।"

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"বিষয় আশয়? গরীব বেজায়—
কষ্টে-সৃষ্টে দিন চলে যায়।
মানুষ তো নয় ভাইগুলো তার—
একটা পাগল একটা গোঁয়ার;
আরেকটি সে তৈরী ছেলে,
জাল ক'রে নোট গেছেন জেলে।"

(গ) 'ক্ষীরের পুতুল'-এ বর্ণিত ছোটরাণী চরিত্রটি আলোচনা করো।

(ঘ) রাজা সুয়োরাণীর জন্যে যে শাড়ি এনেছিলেন সে সম্পর্কে যা জান লেখো।

(ঙ) নিমাইখুড়োর কাছ থেকে পদিপিসির বর্মীপাক্স প্রাপ্তির ঘটনাটি নিজের ভাষায় লেখো।

(চ) ট্রেনে সবাই শুয়ে পড়লে পাঁচুমামার ভাগ্নে জাগ্রত এবং নিদ্রিত অবস্থায় কী কী দেখেছিল তা নিজের ভাষায় লেখো।

(ছ) 'বাবুরাম সাপুড়ে' ছড়াটির বিষয়বস্তু আলোচনা করো।

(জ) 'পদিপিসির বর্মীবাক্স' গ্রন্থের পাঁচুমামা চরিত্রটির বৈশিষ্ট্য তুলে ধরো।

৪। (ক) 'খিচুড়ি' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) 'খুড়োর কল' কবিতাটির বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

*অথবা*

(গ) 'গোঁফচুরি' কবিতাটিতে বর্ণিত হেড অফিসের বড়বাবুর চরিত্রটি বিশ্লেষণ করো।

৫। (ক) 'ক্ষীরের পুতুল' গ্রন্থে লেখকের বঙ্গীয় ছড়া সংযোজনের যৌক্তিকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) 'ক্ষীরের পুতুল'-এ বানর কীভাবে বড়রাণীর দুঃখ ঘুচিয়েছিল তার বর্ণনা দাও।

৬। (ক) 'পদিপিসির বর্মীবাক্স' উপন্যাস অবলম্বনে চিমড়ে ভদ্রলোকের বিষয়ে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'পদিপিসির বর্মীবাক্স' উপন্যাসটির নামকরণ যথার্থ হয়েছে কী না তা বিস্তারিতভাবে লেখো।

*অথবা*

(গ) 'পদিপিসির বর্মীবাক্স' উপন্যাসের পদিপিসির চরিত্র-বৈশিষ্ট্য আলোচনা করো।

৭। (ক) 'ক্ষীরের পুতুল' গ্রন্থের কাহিনিটিকে রূপকথা বলা যায় কি না সে সম্পর্কে যুক্তিসহ আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'আবোল-তাবোল' গ্রন্থ অবলম্বনে সুকুমার রায়ের প্রতিভার পরিচয় দাও।

★★★